# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

## প্রতিষ্ঠাতৃ-দিবস

PRESIDENCY COLLEGE LIBRARY
Presented
Bought
1 6 FEB 1983
CALCUTTA

২০এ জানুয়ারি

১৯৮৩

৮-২৭.৬
সা.৭৭প্রেপ্র৪

৮২৩.৯
ন৩৩ শ্রে-৪

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

## প্রতিষ্ঠাতৃ-দিবস, ২০ জানুয়ারি ১৯৮৩

**১৮১৭ খ্রীস্টাব্দের ২০এ জানুয়ারী** প্রেসিডেন্সি কলেজ প্রতিষ্ঠিত হয়েছিল। তখন এর নাম ছিল "হিন্দু কলেজ"। ১৮৫৫ খ্রীস্টাব্দে এই কলেজের রূপান্তর ও নামান্তর ঘটে এবং পঠন-পাঠনের ব্যাপারে সার্বজনীন হয়ে ওঠে। প্রতিষ্ঠার দিন থেকেই ভারতে ইংরেজী শিক্ষা তথা আধুনিক যুগেরও সূচনা হয়। প্রথমে এর পথ কুসুমাস্তীর্ণ ছিল না। উত্থান-পতন ও দ্বন্দ্বের পথেই এই বিদ্যায়তন শুভকে বরণ করে নিয়েছে এবং সাথে সাথে ভারতবর্ষের জাতীয় জীবনেও পরিবর্তন সাধিত হয়েছে। এই কলেজ স্থাপনের ব্যাপারে জানা-অজানা অনেকের অক্লান্ত পরিশ্রম, উৎসাহ ও অপরিমেয় আন্তরিকতার উত্তরাধিকার আমরা লাভ করেছি। সেই সব বরেণ্য ব্যক্তির অনলস প্রচেষ্টাতেই এই ঐতিহ্যমণ্ডিত কলেজটির প্রতিষ্ঠা সম্ভব হয়েছে। স্যার এডওয়ার্ড হাইড ঈস্ট, বৈদ্যনাথ মুখোপাধ্যায়, জোসেফ ব্যারেটো, জে এইচ হ্যারিংটন, লেফটেনান্ট-কর্নেল ফ্রান্সিস আরভিন, রামদুলাল দে (সরকার), বর্ধমানের মহারাজা তেজচন্দ্র বাহাদুর, পাথুরিয়াঘাটার গোপীমোহন মল্লিক প্রমুখ অনেকে এই কলেজের প্রতিষ্ঠায় সহায়তা করেছিলেন। আজ প্রতিষ্ঠাতৃ-দিবসের এই পুণ্য মুহূর্তে আমরা তাঁদের উদ্দেশে আমাদের ভক্তি ও শ্রদ্ধা জানাই।

ছাত্র ছাত্রী, গবেষক ও অধ্যাপকদের মিলিত চেষ্টায়, গভীর অনুসন্ধিৎসা ও ব্যাপক জিজ্ঞাসা নিত্য নব জ্ঞানের উৎসে উচ্ছ্রিত হয়ে উঠছে এখানে। বিভিন্ন বিভাগে শিক্ষা ও নিত্য-নূতন গবেষণা সম্প্রসারিত হচ্ছে। এই শিক্ষার কর্মযজ্ঞে অপূর্ণতাকে অবহেলা করা চলে না—শিক্ষকের অভাব বাঞ্ছনীয় নয়, বিভিন্ন উপকরণের অভাবও অসমীচীন।

### আলোচ্য বছরে প্রেসিডেন্সি কলেজের বিভিন্ন বিভাগের অগ্রগতি

বিভিন্ন বিভাগ থেকে প্রাপ্ত বিবরণের সাহায্যে জানতে পারছি আলোচ্য বছরেও প্রেসিডেন্সি কলেজ পরীক্ষার ফল ও অন্যান্য বিষয়ে তার অতীত গৌরব অক্ষুণ্ণ রাখতে পেরেছে। বিভিন্ন বিভাগে সুপণ্ডিত অধ্যাপকদের পরিচালনায় কলেজের বিভিন্ন শিক্ষক এবং বহিরাগত গবেষকরা তাঁদের অতি মূল্যবান মৌলিক গবেষণাকার্য চালিয়ে যাচ্ছেন। ছাত্রছাত্রী ও অধ্যাপকমণ্ডলী দেশী-বিদেশী পণ্ডিত-মনীষীকে আমন্ত্রণ ক'রে এনে অন্যান্য বছরের মতই সেমিনার-বক্তৃতামালার আয়োজন করেছেন এবং কলা ও বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীদের নিয়ে বিভিন্ন শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা করা হয়েছে। কলেজের সুসমৃদ্ধ প্রাচীন গ্রন্থাগারে আরও অনেক নতুন পুস্তক ও পত্রপত্রিকা সংযোজিত হয়েছে। শিক্ষক পদ শূন্য থাকা বা এই জাতীয় কিছু অভাব-অভিযোগও রয়েছে এবং সে বিষয়ে কলেজের পক্ষ থেকে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করাও চলছে।

### ছাত্রদের সুযোগসুবিধার জন্য কলেজ কর্তৃপক্ষের পরিকল্পনা ও কর্মসূচী

টি এস স্টার্লিং অছি তহবিলে গচ্ছিত টাকার সুদ থেকে প্রতি শিক্ষাবর্ষের জন্য মাসিক চল্লিশ টাকা হারে ত্রিশটি বৃত্তির ব্যবস্থা আছে। ঐ তহবিলে আরও এক লক্ষ পঁচিশ হাজার টাকার সুদ ছাত্রকল্যাণে লাগানোর প্রচেষ্টা সম্পূর্ণপ্রায়।

PRESIDENCY COLLEGE LIBRARY
Presented
Bought
16 FEB 1983
CALCUTTA

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সহায়তায় "বুক ব্যাঙ্ক" চালু আছে। বই কেনা ও ল্যাবরেটরির যন্ত্রপাতি সংগ্রহের জন্য মঞ্জুরি কমিশন থেকে কিছু সাহায্য পাওয়া গেছে।

প্রেসিডেন্সি কলেজের প্রাক্তন অধ্যাপক প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয়ের স্মৃতির উদ্দেশ্যে গঠিত তহবিলের সুদের টাকা থেকে ইংরেজী এম এ পরীক্ষায় উত্তীর্ণ এবং সর্বাধিক মানপ্রাপ্ত এই কলেজের ছাত্র/ছাত্রীকে এ বছরেও "অধ্যাপক প্রফুল্লচন্দ্র ঘোষ" পুরস্কার দেওয়া হয়েছে।

অধ্যাপক ইউ এন ঘোষাল প্রদত্ত দেড় হাজার টাকায় গঠিত "অধ্যাপক ইউ এন ঘোষাল ট্রাস্ট ফাণ্ড"-এর সুদের টাকা থেকে প্রতি বছর অর্থনীতি বিভাগের ছাত্র/ছাত্রীকে একটি পুরস্কার দেওয়ার ব্যবস্থা হচ্ছে।

শ্রীমতী প্রতিমা মিত্র প্রদত্ত দশ হাজার টাকার অনুদান দিয়ে তাঁর পুত্রের স্মৃতিরক্ষার্থে গঠিত "বিজয় স্মৃতি স্কলারশিপ ফাণ্ড"-এর সুদ থেকে প্রতি বছর একটি ক'রে বৃত্তি দেওয়া হয় রসায়ন বিভাগের কোন ছাত্র বা ছাত্রীকে।

শ্রীসন্তোষকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের কাছ থেকে তাঁর দিদিমার স্মৃতিরক্ষার্থে "চারুশীলা দেবী ফাণ্ড" গঠন করবার জন্য সাতশ পঞ্চাশ টাকার যে অনুদান পাওয়া গেছে তার সুদ থেকে অন্য কোনভাবে পুরস্কৃত হয় নি, গণিত বিভাগের এমন কোন ভাল ছাত্রকে একটি ক'রে পদক দেওয়া হচ্ছে।

পিতার স্মৃতিরক্ষার্থ শ্রীঅনিলকুমার মুখোপাধ্যায় প্রদত্ত এক হাজার টাকায় গঠিত "জ্ঞানেন্দ্র-ভূষণ মুখার্জী প্রাইজ ফাণ্ড" থেকে গণিত বিষয়ে এই কলেজ থেকে স্নাতক পর্যায়ে সর্বোচ্চ মানপ্রাপ্ত ছাত্র/ছাত্রীকে প্রতি বছর একটি ক'রে পুরস্কার দেওয়ার ব্যবস্থা হচ্ছে।

১৯৮১-৮২ সাল থেকে সাম্মানিক হিন্দী বিষয়ে পঠন-পাঠন শুরু হয়েছে।

**ছাত্রসংখ্যা ও বৃত্তি**

বর্তমানে (১৯৮২-৮৩) কলেজে ছাত্রছাত্রীসংখ্যা মোট ১,২১৮। এঁদের মধ্যে ছাত্রীদের সংখ্যা ৫৮২। এ বছরে ৫৯৭ জন ছাত্রছাত্রী বিভিন্ন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারী বৃত্তি পেয়েছেন। এঁদের মধ্যে অসচ্ছল অথচ মেধাবী ৫৮৫ জন ছাত্রছাত্রী বৃত্তি পেয়েছেন। বার জন ছাত্রছাত্রীকে ন্যাশনাল ট্যালেন্ট সার্চ বৃত্তি দেওয়া হয়েছে এবং তিনজনকে জগদীশ বোস ন্যাশনাল সায়েন্স ট্যালেন্ট সার্চবৃত্তি দেওয়া হয়েছে।

**কয়েকটি উল্লেখযোগ্য ফল**

পরীক্ষার ফল পূর্ব পূর্ব বৎসরের মতই সন্তোষজনক। কয়েকটি ক্ষেত্রে বরং পূর্বের তুলনায় আরও ভালো এবং গৌরবজনক। ১৯৮১ সনের বি এ পার্ট ওয়ান পরীক্ষায় **বাঙলা** বিভাগে তিনজন ছাত্রী প্রথম শ্রেণীর অনার্স নম্বর পেয়েছে। **দর্শন** বিভাগের ছয়জন ছাত্রছাত্রী গত এম এ পরীক্ষায় প্রথম শ্রেণীর সম্মান লাভ করেছে। তাদের মধ্যে একজন বিশ্ববিদ্যালয়ে

প্রথম স্থান অধিকার করেছে। **গণিত** বিভাগে বি এ/বি এস-সি পরীক্ষায় প্রথম শ্রেণী পেয়েছে একজন। শ্রীমতী লোপামুদ্রা রায় চৌধুরী বি এস-সি অনার্স বিষয়সমূহের পরীক্ষায় সর্বোচ্চ নম্বর পাওয়ায় এডওয়ার্ড স্কলারশিপ লাভের দুর্লভ সৌভাগ্য অর্জন করেছে। আগের বছর এই বিভাগের শ্রীমতী কৃষ্ণা রায় ঈশান স্কলার হয়েছিল। **রাষ্ট্রবিজ্ঞান** বিভাগের কৃতী ছাত্র শ্রীমান তরুণ দাস ১৯৮১ সনের পার্ট টু পরীক্ষায় সর্বোচ্চ নম্বর পেয়ে প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করেছে। **প্রাণিবিজ্ঞান** বিভাগে নতুন বি এস-সি কোর্সে প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে একজন। **ভূগোল** বিভাগে ১৯৮১ সনের বি এস-সি পার্ট ওয়ান পরীক্ষায় ১৬ জনের মধ্যে ১২ জন প্রথম শ্রেণীর অনার্স নম্বর পেয়েছে এবং পার্ট টু-তে ১৪ জনের মধ্যে চারজন প্রথম শ্রেণীর সম্মান লাভ করেছে। ১৯৮১ সনে চারজন এম এ/এম এস-সি পরীক্ষা দিয়েছিল। চারজনই ফার্স্ট ক্লাস পেয়েছে। **রাশিবিজ্ঞান** বিভাগে ১৯৮১ সনের পার্ট টু পরীক্ষায় দুজন প্রথম শ্রেণীর অনার্স নম্বর এবং পার্ট ওয়ান পরীক্ষায় পাঁচজন প্রথম শ্রেণীর অনার্স নম্বর পেয়েছে। **ভূতত্ত্ব** বিভাগের ১৯৮১ সনের পার্ট টু পরীক্ষায় নয়জন প্রথম শ্রেণীর অনার্স পেয়েছে। **অর্থনীতি** বিভাগের ১২ জন ছাত্রছাত্রী ১৯৮১ সনের পার্ট টু পরীক্ষায় প্রথম শ্রেণীর অনার্স পেয়ে নতুন রেকর্ড সৃষ্টি করেছে (পূর্ববর্তী রেকর্ডঃ ১৯৭৭ সনে প্রথম শ্রেণী আটজন)। **রসায়ন** বিভাগে ১৯৮১ সনের পার্ট টু পরীক্ষায় ছয়জন ছাত্রছাত্রী এবং ১৯৮০ সনের এম এস-সি পার্ট টু পরীক্ষায় আটজন ছাত্রছাত্রী প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। **শারীরবিদ্যা** বিভাগে ১৯৮০ সনের এম এস-সি পরীক্ষায় প্রথম শ্রেণীতে সম্মান লাভ করেছে দুইজন। **পদার্থবিদ্যা** বিভাগে চারজন। **ইতিহাস** বিভাগে এম এ (১৯৮০) পরীক্ষায় প্রথম শ্রেণী একজন। ইংরেজীতে ১৯৮০ সনের এম এ পরীক্ষায় ফার্স্ট ক্লাস একজন। পদার্থবিদ্যা বিভাগে ১৯৮১ সনে অনার্সে ফার্স্ট ক্লাস পেয়েছে ১৯ জন।

**অধ্যাপকমণ্ডলীর পরিবর্তন**

আলোচ্য বর্ষে **বাংলা** বিভাগ থেকে অধ্যাপক বাবুরাম প্রসাদ বন্দ্যোপাধ্যায় পদোন্নতি লাভ ক'রে কোচবিহার এ বি এন শীল কলেজে বদলি হয়েছেন। **উদ্ভিদবিদ্যা** বিভাগে অধ্যাপক রণজিৎ চক্রবর্তী গত এপ্রিল (১৯৮২) মাসে কাজে যোগ দিয়েছেন। **রসায়ন** বিভাগের অধ্যাপক প্রমোদরঞ্জন গুপ্ত দীর্ঘ অধ্যাপনা-জীবন শেষ ক'রে এই কলেজ থেকে অবসর গ্রহণ করেছেন। অধ্যাপক নৃপতি চৌধুরী এ বছর রসায়ন বিভাগে যোগদান করেছেন। **ভূগোল** বিভাগের অধ্যাপক ডঃ নীরেন্দ্রনাথ সেন দার্জিলিং গভর্নমেন্ট কলেজে বদলি হয়ে গেছেন এবং শ্রীজয়দেবকুমার কোলে এই বিভাগে যোগদান করেছেন। **ভূতত্ত্ব** বিভাগের অধ্যাপক ডঃ চিত্তরঞ্জন ভট্টাচার্য কলকাতা বিশ্ববিদ্যালয়ের লেকচারার হিসাবে যোগদান করেছেন। আলোচ্য বর্ষে **পদার্থবিদ্যা** বিভাগের অধ্যাপক ডঃ দিলীপকুমার ভট্টাচার্য ঝাড়গ্রাম রাজ কলেজে বদলি হয়ে গেছেন এবং শ্রী এস কে বসু, শ্রী এম সামন্ত, শ্রী এস কর, শ্রী এ সাহা এবং শ্রীমতী এম শর্মা এই বিভাগে যোগদান করেছেন। **গণিত** বিভাগে শ্রীগোপালচন্দ্র মণ্ডল এবং ডঃ সঞ্জীব চক্রবর্তী নতুন এসেছেন। শ্রীমতী লক্ষ্মী বৈদ্যনাথন অন্যত্র বদলি হয়েছেন। শ্রীমহিমারঞ্জন অধিকারী এ কলেজ ছেড়ে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছেন। **হিন্দী** বিভাগে পার্ট-টাইম লেকচারার হিসাবে যোগ দিয়েছেন শ্রীপ্রেম সেন সিং। তিনি পূর্বে ফুল-টাইম লেকচারার হিসাবে এ কলেজে প্রায় এক দশক ধ'রে কাজ ক'রে গেছেন। **অর্থনীতি** বিভাগে শ্রীপ্রদীপ্ত চৌধুরী ১৯৮২ সনের জানুয়ারি মাসে

রিসার্চ অ্যাসোসিয়েট হিসাবে সেন্টার ফর ইকনমিক স্টাডিজ-এ যোগ দিয়েছেন। জুনিয়ার রিসার্চ ফেলো হিসাবে যোগ দিয়েছেন যথাক্রমে শ্রীমতী ঊর্মিলা মুখোপাধ্যায়, শ্রীঅরবিন্দ পাল ও শ্রীসোমদেব বন্দ্যোপাধ্যায়। ডঃ বৈদ্যনাথ চক্রবর্তী আলোচ্য বর্ষে এই "সেন্টার" থেকে চ'লে গেছেন। **ইংরেজী** বিভাগের অধ্যাপক শ্রীসরোজকুমার মজুমদার গত ৩০এ নভেম্বর ১৯৮২ অবসর গ্রহণ করেছেন।

**গবেষণা, সেমিনার, শিক্ষামূলক ভ্রমণ ও অন্যান্য সংবাদ**

**বাঙ্‌লা** বিভাগের ছাত্রছাত্রীরা গত ৬ই ও ৭ই এপ্রিল রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে আয়োজিত "বাঙ্‌লা উপন্যাসের শিল্প সমীক্ষা" নামক সেমিনারে উপস্থিত হয়েছিল। বাঙ্‌লা বিভাগের ছাত্রছাত্রীদের উদ্যোগে "প্রয়াস" নামে হাতে লেখা সাহিত্যপত্র প্রকাশিত হচ্ছে। এ ছাড়া, কয়েকটি সাংস্কৃতিক অনুষ্ঠানে নাট্যাভিনয়, আবৃত্তি ও সংগীতের আসর হয়।

**দর্শন** বিভাগে কয়েকজন গবেষক এই কলেজের দুজন প্রবীণ অধ্যাপকের অধীনে পি এইচ ডি ডিগ্রীর জন্য গবেষণাকার্য চালিয়ে যাচ্ছেন। এই প্রথম এই বিভাগের বর্তমান ও প্রাক্তন ছাত্রছাত্রী এবং অধ্যাপকদের নিয়ে এক মিলন-সভা অনুষ্ঠিত হ'ল কিছুদিন পূর্বে। অধ্যাপক গোপীনাথ ভট্টাচার্য তাঁর এই কলেজের ছাত্র ও শিক্ষকজীবনের স্মৃতিচারণা এবং অনুষ্ঠানের সাফল্য কামনা ক'রে এক পত্র দিয়েছেন। এই সভায় "Philosophy and Life" নামে এক সেমিনার অনুষ্ঠিত হয়।

**রাষ্ট্রবিজ্ঞান** বিভাগ কর্তৃক আয়োজিত এক সেমিনারে "Life and Ideas of Prof. Sushobhan Sarkar" নামে এক বক্তৃতা দেন Centre for the Studies in Social Sciences-এর ডিরেক্টর ডঃ বরুণ দে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ ভোলানাথ বন্দ্যোপাধ্যায় "Life and Ideas of Benoy Kumar Sarkar" সম্পর্কে আয়োজিত এক সেমিনারে ভাষণ দেন। ডঃ অমলকুমার মুখোপাধ্যায়ের অধীনে জনৈক গবেষক পি-এইচ ডি থিসিসের জন্য কাজ ক'রে যাচ্ছেন। এছাড়া দুজন U.G.C. teacher fellow-ও তাঁর অধীনে গবেষণাকার্য চালিয়ে যাচ্ছেন। তাঁদের কাজের প্রগতি সন্তোষজনক। ইউ জি সি এবং পশ্চিমবঙ্গ সরকার শ্রীমতী সুপ্রিয়া রায়চৌধুরীর কার্যকাল আরও এক বৎসরকাল বর্ধিত করেছেন।

**শিক্ষকের সম্মানঃ** আমেরিকান যুক্তরাষ্ট্র সরকারের (USA) আমন্ত্রণে এই বিভাগের অধ্যাপক শ্রীঅঞ্জন সরকার আমেরিকার Tufts University-র Fletcher School of Law and Diplomacy-তে উপস্থিত হয়ে "Decision-making in U.S. Foreign Policy" নামক সেমিনারে যোগদান করেন। তিনি ১৯এ সেপ্টেম্বর ১৯৮২ থেকে ১৮ই অক্টোবর ১৯৮২ আমেরিকা যুক্তরাষ্ট্রে অবস্থিতি করেন। বিভাগীয় প্রধান ডঃ অমলকুমার মুখোপাধ্যায় অতিথি হিসাবে পশ্চিমবঙ্গ সরকারের Administrative Training Institute-এর পশ্চিমবঙ্গ তথা ত্রিপুরার সিভিল সার্ভিস শিক্ষার্থীদের উদ্দেশে কয়েকটি বক্তৃতা করেন।

**অর্থনীতি** বিভাগের ছাত্রছাত্রীদের উদ্যোগে বিহারের ঘাটশীলায় চারদিনের এক শিক্ষামূলক ভ্রমণ-সূচী গ্রহণ করা হয়েছিল গত আগস্ট (১৯৮২) মাসে। দ্বিতীয় ও তৃতীয় বার্ষিক অনার্স ক্লাসের ৩৪ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেছিল। অধ্যাপক বিশ্বজিৎ চট্টোপাধ্যায়, ডঃ জয়শ্রী দত্ত, শ্রীপ্রদীপ্ত চৌধুরী এবং শ্রীমতী ঊর্মিলা মুখোপাধ্যায় ছাত্রছাত্রীদের সঙ্গে গিয়েছিলেন।

অর্থনীতি বিভাগের বিভিন্ন অধ্যাপকদের অধীনে ছয়জন গবেষক তাঁদের গবেষণাকার্য চালিয়ে যাচ্ছেন। কয়েকজন অধ্যাপক নিজেরাও গবেষণাকর্মে রত আছেন। শ্রীপ্রদীপ্ত চৌধুরী তাঁর পি-ইচ ডি থিসিস জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে গত আগস্ট মাসে জমা দিয়েছেন। শ্রীবিবেক দেব রায় বর্ধমান বিশ্ববিদ্যালয়ে অতিথি অধ্যাপক হিসাবে যোগ দিয়েছেন। শ্রীঅনির্বাণ চট্টোপাধ্যায় " Theories of Economic Growth " সম্পর্কে বক্তৃতাদানের জন্য বর্ধমান বিশ্ববিদ্যালয় কর্তৃক আমন্ত্রিত হয়েছেন। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার আমন্ত্রণে শ্রীবিশ্বজিৎ চট্টোপাধ্যায় গত সেপ্টেম্বর মাসে (১৯৮২) Foreign Exchange Branch of the State Bank of India-র এক সেমিনারে "The I.M.F. loan and the Indian economy' সম্পর্কে বক্তৃতা করেন। তিনি আমেরিকান ইউনিভার্সিটি সেন্টারের আমন্ত্রণে "The Relevance of Adam Smith's idea of progress " সম্পর্কেও এক সেমিনার-ভাষণ দেন। "Society and Change" কর্তৃক আয়োজিত এক সেমিনারে শ্রীপ্রদীপ্ত চৌধুরী "Commercialization of agriculture in British India" সম্পর্কে গত এপ্রিল (১৯৮২) মাসে এক বক্তৃতা করেন। কলেজের Centre for Economic Studies -এ বর্তমানে " Coal Industry in India " সম্পর্কে গবেষণা চলছে। এই গবেষণাকার্যের উদ্যোক্তা হলেন ভারত সরকারের "Bureau of Industrial Costs and Prices" বিভাগ। বিভাগীয় প্রধান ডঃ দীপক বন্দ্যোপাধ্যায়ের পরিচালনায় এই গবেষণাকার্য চলছে। অন্যান্য সহযোগিবৃন্দ হলেন ডঃ জয়শ্রী দত্ত, শ্রীবিবেক দেব রায় এবং শ্রীসমীর সরকার। অর্থনীতি বিভাগের এবং Centre for Economic Studies-এর সেমিনারের সঙ্গে যুক্ত রয়েছেন ডঃ মুকুল মজুমদার (কর্নেল বিশ্ববিদ্যালয়), শ্রীসুগত মার্জিত (র'চেষ্টার বিশ্ববিদ্যালয়), অধ্যাপক এম কে রক্ষিত (প্রেসিডেন্সি কলেজ) এবং শ্রীমতী নীলাঞ্জনা মিত্র প্রভৃতি।

**হিন্দী** বিভাগে গত বছর থেকে অনার্স কোর্স পড়ানো শুরু হয়েছে। এ বছর থেকে কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক elective বিষয় পড়াবারও অনুমোদন পাওয়া গেছে। পশ্চিমবঙ্গ সরকার এই বিভাগের জন্য দুজন full-time Lecturer-এর posts sanction করেছেন এবং অনার্স ক্লাস চালানোর আশু প্রয়োজনের প্রতি দৃষ্টি রেখে আপাততঃ চারজন পার্ট-টাইম লেকচারারের posts -ও অনুমোদন করেছেন। পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক অ্যাসিস্ট্যান্ট লাইব্রেরীয়ানের পদ গত বছর অনুমোদিত হ'লেও লোকাভাবে হিন্দী সেমিনার লাইব্রেরীর কাজ চালু করা যায় নি। হিন্দী পুস্তক ক্রয়ের জন্য ১,০০০ টাকা এবং পত্রপত্রিকা ক্রয়ের জন্য ১০০ টাকা ব্যয় করা হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক অনুমোদিত ৫,০০০ টাকা এখনও হাতে আসে নি। হিন্দী অনার্স ক্লাসের ছাত্রছাত্রীরা স্বর্গত রাজেন্দ্র প্রসাদের স্মৃতির উদ্দেশে সম্মান জানিয়ে "দেশরত্ন" নামে এক প্রাচীরপত্র প্রকাশ করেছে।

**পদার্থ বিদ্যা** বিভাগের প্রধান অধ্যাপক ডঃ এ কে রায় চৌধুরী PRL workshop কর্তৃক আমন্ত্রিত হয়ে জানুয়ারি মাসে Relativity সম্পর্কে বক্তৃতা করেন। রাজকোট বিশ্ববিদ্যালয়েও Relativity এবং Cosmology সম্পর্কে তিনি কয়েকটি বক্তৃতাদান করেন। এ ছাড়া Indian Astronomical Society -র অষ্টম সম্মেলনে (Gorakhpur) আমন্ত্রিত হয়েও তিনি Inflationary Universe" সম্পর্কে গত নভেম্বর মাসে ভাষণ দেন। প্রেসিডেন্সি

PRESIDENCY COLLEGE

কলেজের পদার্থবিদ্যা বিভাগে ডঃ এ কে রায় চৌধুরীকে ডিরেক্টর ক'রে General Relativity and Cosmology সম্পর্কিত একটি Institute গ'ড়ে তোলার প্রচেষ্টা চলছে।

**ভূগোল** বিভাগে গত বছরে বিভিন্ন বিষয়ে যে আলোচনা এবং ভৌগোলিক ভ্রমণ-সূচী নেওয়া হয়েছিল তা পালিত হয়েছে এবং একটি আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। শ্রী জে কোলের এবং শ্রী এ সেনের নেতৃত্বে গত পূজাব ছুটিতে দ্বিতীয় বার্ষিক শ্রেণীর ছাত্রছাত্রীরা রাজস্থান, গুজরাট, উত্তরপ্রদেশ এবং পার্শ্ববর্তী অঞ্চলে বেড়াতে গিয়েছিল। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ কর্তৃক আয়োজিত ভূগোল শিক্ষকদের নিবিড় প্রশিক্ষণ গত বছরে দুবার এই বিভাগ কর্তৃক পরিচালিত হয়েছে। এই কলেজের ভূগোল বিভাগের প্রাক্তন প্রধান অধ্যাপক ডঃ নিশীথরঞ্জন কর গত ২৩এ অগাস্ট ১৯৮২ পরলোকগমন করেছেন।

**ইংরেজী বিভাগঃ** যেমন ব্যক্তিজীবনে তেমনি প্রতিষ্ঠানের জীবনে, তার প্রতিটি বিভাগেও সময় নিঃসন্দেহে তার ছাপ রেখে যায়। সে ছাপ কখনও উজ্জ্বল, কখনও অনুজ্জল। জীবন যেমন কখনও ঘটনাবহুল, কখনও ঘটনাবিহীন, কখনও বা দুর্ঘটনাপূর্ণ। কলেজের ইংরেজী বিভাগের বিগত একটি বছরের (১৯৮২ সনের) জীবনের কথা ভাবছিলাম। দুঃখ বা দুর্ঘটনার কথাটাই প্রথমে মনে এল। কবি বিষ্ণু দের জীবনাবসানের কথা। গত ৩রা ডিসেম্বর তাঁর লোকান্তর ঘটল। রবীন্দ্রোত্তর বাংলা কাব্য সাহিত্যে বিষ্ণু দে একটি স্মরণীয় নাম। শুধু সেই কারণে নয়। ইংরেজী সাহিত্যের অধ্যাপক হিসেবে ১৯৪৫ থেকে ১৯৪৭ সন পর্যন্ত এই বিভাগে তিনি ছিলেন। স্বভাবতই তাঁর মৃত্যুতে আমরা স্বজন-বিয়োগ-ব্যথা অনুভব করছি।

আমাদের ইংরেজী বিভাগের দৈনন্দিন জীবনে তেমন আর কোন ছন্দপতন ঘটে নি। স্বাভাবিকভাবে পঠন-পাঠন চলছে এবং তারই ফাঁকে ফাঁকে আলোচনা বক্তৃতা ও অন্যান্য সাহিত্য-সংস্কৃতিমূলক অনুষ্ঠানের আয়োজনও হয়েছে। বছরের প্রথমেই অর্থাৎ জানুয়ারি মাসে লন্ডন বিশ্ববিদ্যালয়ের ইংরেজীর অধ্যাপক রবার্ট হ্যাম্পসনকে (Professor Robert Hampson) আমাদের মধ্যে পেয়েছিলাম। তিনি যোসেফ কনর্যাড (Joseph Conrad) -এর উপর বক্তৃতা দিয়েছিলেন। মার্চ মাসে বৃটিশ কাউন্সিলের সৌজন্যে লিটল স্ট্র্যাচীর জীবনীকার মাইকেল হলরয়েড (Michael Holroyd) স্ট্র্যাচীর উপর ভাষণ দিয়েছিলেন এবং ইংরেজী বিভাগ আয়োজিত বার্নার্ড শ'র উপর একটি আলোচনাচক্র পরিচালনা করেছিলেন। সেই আলোচনায় অংশগ্রহণ করেছিলেন অধ্যাপিকা সুদেষ্ণা চক্রবর্তী, অধ্যাপিকা সুপ্রিয়া চৌধুরী, অধ্যাপক অতীশরঞ্জন বন্দ্যোপাধ্যায় এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডক্টর শিশির দাস। এ ছাড়া যাদবপুর বিশ্ববিদ্যালয়ে মার্চ মাসে রোমান্টিসিজম (Romanticism) -এর উপর যে সেমিনার হয়েছিল সেখানে অধ্যাপক সুকান্ত চৌধুরী "Romanticism and the pastoral tradition -এর উপর একটি নিবন্ধ পাঠ করেছিলেন এবং এপ্রিল মাসে অধ্যাপক কালিদাস বসু রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে ট্র্যাজেডি সম্বন্ধে একটি সেমিনারে গ্রীক ট্র্যাজেডির উপর বক্তৃতা করেছিলেন।

এ বছরের সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা বোধ হয় ইংরেজী বিভাগের পুনর্মিলন উৎসব। কলেজের একশো প'য়ষট্টি বছরের জীবনে ইংরেজী বিভাগের এই প্রথম পুনর্মিলন উৎসব।

প্রায় ঐতিহাসিক ব্যাপারের মত। বর্তমান ছাত্রছাত্রী, অধ্যাপকমণ্ডলী, প্রাক্তন ছাত্রছাত্রী—সকলের কাছ থেকেই যে অকুণ্ঠ সহযোগিতা পাওয়া গিয়েছিল তা সত্যিই অভূতপূর্ব। ছয় মাস ধ'রে যে প্রস্তুতিপর্ব চলেছিল তার উদ্‌যাপন হ'ল ১০ই অক্টোবর কলেজের বেকার হলে। অনুষ্ঠানের সভাপতি ও প্রধান অতিথি ছিলেন ইংরেজী বিভাগের প্রাক্তন ছাত্র। সভাপতি হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি শ্রীশিশিরকুমার মুখোপাধ্যায় এবং প্রধান অতিথি ছিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শ্রীজ্যোতি বসু। অনুষ্ঠানের উদ্বোধন করেছিলেন কলেজের অধ্যক্ষ ডক্টর বিজয়শংকর বসাক। অতীথিদের অভ্যর্থনা জানিয়েছিলেন বিভাগীয় প্রধান অধ্যাপক কালিদাস বসু। সারাদিন ধ'রে অনুষ্ঠান চলেছিল। উদ্বোধন অনুষ্ঠানের পর মধ্যাহ্নভোজনের বিরতি। তারপর ছাত্রছাত্রী আয়োজিত বিচিত্রানুষ্ঠান ও নাটক। বিচিত্রানুষ্ঠানে ছিল রবীন্দ্রনাথের গান ও কবিতা। নাটক অস্কার ওয়াইল্ডের (Oscar Wilde) "The Importance of being earnest". দর্শক ও শ্রোতৃমণ্ডলীর অভিমত : গান, আবৃত্তি ও অভিনয় বেশ উচ্চমানের হয়েছিল। উৎসবে সবাই যখন একত্রিত হয়েছিল, মনে হচ্ছিল এটি যেন একটি বৃহৎ পরিবারের মিলনক্ষেত্র। উৎসবের মেজাজে বর্তমান ছাত্রছাত্রীদের সঙ্গে মিলিত হলেন কয়েকশত প্রাক্তন ছাত্রছাত্রী। পুনর্মিলন উৎসব উপলক্ষে একটি স্মারকগ্রন্থ প্রকাশিত হয়েছে। বিভাগের সামগ্রিক জীবন ও উৎসবের ঐশ্বর্য যথাযথভাবে বিবৃতির প্রয়াস এখানে আছে।

মিলনোৎসবের পর আবার প্রাত্যহিক জীবন শুরু হয়েছে। আমাদের সহকর্মী অধ্যাপক সরোজকুমার মজুমদার কর্মজীবন থেকে অবসর গ্রহণ করলেন বাষট্টি বছর বয়সে গত ৩০এ নভেম্বর। তিনি সুস্থদেহে সুখে শান্তিতে তাঁর অবসরজীবন যাপন করুন এই কামনা ক'রে আমাদের কথা এখানেই শেষ করছি।

**রাশিবিজ্ঞান** বিভাগের শ্রীবিশ্বনাথ দাস ও শ্রীশঙ্কর ঘোষ পি-এইচ ডি-র জন্য তাঁদের গবেষণাপত্র জমা দিয়েছেন। শ্রীবিশ্বনাথ দাস আই আই টি খড়্গপুরে ৯-১১ ডিসেম্বর অনুষ্ঠিত Operational Research Society of India -র পঞ্চদশ বার্ষিক সম্মেলনে অংশগ্রহণ করেন। ডঃ অতীন্দ্রমোহন গুণ ২৬এ মার্চ ১৯৮২ ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটের জনসংখ্যা নিয়ন্ত্রণ সংক্রান্ত সেমিনারে অংশ নেন। তিনি জুন মাসে নয়াদিল্লীর Institute of Applied Manpower Research -এ অতিথি-উপদেষ্টা হিসাবে কাজ করেন।

এই বিভাগের প্রাক্তন ছাত্র এবং শিক্ষক শ্রীসমরেন্দ্রকুমার ধর গত সেপ্টেম্বরে এক দুর্ঘটনায় মৃত্যুমুখে পতিত হয়েছেন।

**গণিত** বিভাগের ছাত্রছাত্রীরা বিভাগীয় অধ্যাপকদের সঙ্গে গত পূজাবকাশে ঘাটশীলা ও জামশেদপুরে শিক্ষামূলক ভ্রমণে গিয়েছিল। এই বিভাগ কর্তৃক আয়োজিত মাসিক সেমিনারে (জুলাই ১৯৮২, আগস্ট ১৯৮২, সেপ্টেম্বর ১৯৮২) যথাক্রমে ভাষণ দেন ডঃ পি চৌধুরী, ডঃ (শ্রীমতী) জি দে-মুন্সী এবং দ্বিতীয় বার্ষিক শ্রেণীর ছাত্র শ্রী এ সেনগুপ্ত।

**উদ্ভিদবিদ্যা** বিভাগে দুজন টিচার-ফেলো ডঃ এ কে করের অধীনে গবেষণা ক'রে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে পি-এইচ ডি পেয়েছেন। ডঃ এ কে করের অধীনে আরও তিনজন টিচার-ফেলো তাঁদের গবেষণাপত্র ইতোমধ্যে জমা দিয়েছেন। ডঃ কর এবং তাঁর সহযোগিবৃন্দ

পশ্চিমবঙ্গের Fungal flora সম্পর্কে গবেষণাকার্য চালিয়ে যাচ্ছেন। ডঃ এস সি সাঁতরা উদ্ভিদবিদ্যার বিভিন্ন দিক নিয়ে তাঁর গবেষণা যথারীতি চালিয়ে যাচ্ছেন। শ্রী এ কে কুণ্ডু কিছু ভেষজ গাছপালার ওপর Cyrological and photometric analysis and on developmental plant anatomy of quisqualis Indica সম্পর্কে গবেষণা করছেন।

**প্রাণিবিদ্যা** বিভাগে তিনজন টিচার-ফেলো ১৯৭৯ থেকে বিভাগীয় অধ্যাপকদের অধীনে যে গবেষণাকর্ম ক'রে চলেছেন তার কার্যকাল আরও এক বৎসর বর্ধিত করা হয়েছে। তাঁদের কাজও এগিয়ে চলেছে। আগামী বছর তাঁরা তাঁদের থিসিস জমা দেবেন। ইতোমধ্যে ডঃ ডি কে চক্রবর্তীর অধীনে শ্রী বি কে মণ্ডল তাঁর গবেষণাকর্ম সমাপ্ত ক'রে গত এপ্রিল (১৯৮২) মাসে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে জমা দিয়েছেন। ডঃ এস কে দাশগুপ্তের অধীনে শ্রমতী এস ঘোষ (সরকার) তাঁর গবেষণার কাজ শেষ ক'রে গত জুলাই মাসে কলকাতা বিশ্ববিদ্যালয়ে জমা দিয়েছেন। শ্রী এস দাস মহাপাত্রও ১৯৭৮-৮১ পর্যন্ত এই বিভাগে টিচার-ফেলো হিসাবে গবেষণাকর্ম চালিয়ে কাজ শেষ করেছেন এবং জানুয়ারি ১৯৮২-তে কলকাতা বিশ্ববিদ্যালয়ে জমা দিয়েছেন।

ডঃ ডি কে চক্রবর্তীর পরিচালনায় এই বিভাগের দেয়াল পত্রিকা "স্পন্দন" নিয়মিত প্রকাশিত হচ্ছে।

শ্রী এ কে চ্যাটার্জি ও শ্রী ডি কে সিন্‌হার নেতৃত্বে ১৯ জন ছাত্রছাত্রী (প্রথম ও দ্বিতীয় বর্ষ অনার্স) গত সেপ্টেম্বর (১৯৮২) মাসে গোবরডাঙ্গা পোলট্রি ফার্ম এবং গোবরডাঙ্গা রেনেসাঁস ইনস্টিটিউটে গিয়ে পোলট্রি ও মৌমাছিপালন সম্পর্কে হাতেকলমে কিছু অভিজ্ঞতা সঞ্চয় ক'রে এসেছে।

**ভূতত্ত্ব** বিভাগে বিভাগীয় ছাত্রছাত্রীদের ফোরাম Geological Institute-এর মুখপত্র দ্বিভাষিক "ভূবিদ্যা"-র ৩৯তম সংখ্যা (১৯৮১-৮২) প্রকাশিত হয়েছে। ইনস্টিটিউটের উদ্যোগে সেমিনারের আয়োজন করা হয়েছিল। তাতে লুইসিয়ানা স্টেট বিশ্ববিদ্যালয়ের ডঃ শ্রীবরুণ সেনগুপ্ত, Geological Survey of Canada-এর Dr. R. W. Boyle প্রমুখ এসেছিলেন। এই ইনস্টিট্যুট ও S. Roy Memorial Committee--এর যৌথ উদ্যোগে এস রায় মেমোরিয়াল লেকচারের ব্যবস্থা করা হয়েছিল। খড়্গপুর I.I.T.-এর অধ্যাপক শিশিরকুমার সেন Granulite Problem সম্পর্কে বক্তৃতা করেন। বিভাগের বিভিন্ন অধ্যাপক ও রিসার্চ ফেলোগণ ভূতত্ত্ববিদ্যার বিভিন্ন বিষয় যথাঃ Structural Geology Petrology, Geochemistry, Geomathematics, Precambrian Stratigraphy, Ceramic Geology এবং Paleontology নিয়ে গবেষণা করছেন। ইউ জি সি সমর্থনপুষ্ট বিভাগীয় গবেষণা প্রজেক্ট Crustal Evolution and metallogenesis in some selected areas of the Indian Precambrian shield-এ ডঃ এ কে সাহার নেতৃত্বে গবেষণা চালিয়ে যে তাৎপর্যপূর্ণ অগ্রগতি লাভ করেছে, তা U G C review Committee কর্তৃক উচ্চ প্রশংসিত হয়েছে। এই বিভাগের সাতজন অধ্যাপক এবং ১০ জন রিসার্চ ফেলো এই Project-এ কাজ ক'রে যাচ্ছেন। এই বৃহৎ যৌথ প্রচেষ্টা ছাড়াও এককভাবে যাঁরা নানা বিষয়ে গবেষণারত রয়েছেন তাঁরা হলেন—

**(1) Saha, Dr. A. K. :**

(a) Operation research studies on gold mineralisation in Kolar Gold field;

(b) Quantitative study of mineralisation potentialities of granite bodies in eastern India ;

(c) Rubidium-strontium and Sm-Nd geochronology of the early Precambrians of Singhbhum region ;

(d) Quantitative geomorphology of several river basins of Singhbhum-Keonjhar region ;

(e) Generation of a World Data Base on Igneous Petrology :

(f) Studies on water pollution of the Ganga Basin.

**(2) Gangopadhyay, Dr. P. K. :**

(a) Stratigraphy and metamorphism of Darjeeling-Sikkim region of Eastern Himalaya ;

(b) Potassium-Argon and Rubidium-Strontium geochronology of the Precambrian of Rajasthan (in collaboration with Institute of Precambrian Geology and Geochronology, Leningrad, U.S.S.R).

**(3) Dasgupta, Dr. P. K. :**

(a) Problems of the stratigraphy and sedimentology of the Lower Palaeozoic rocks of the Spiti region in Central Himalaya.

(b) Stratigraphy and sedimentology of the Siwalik Molasse in Garhwal Himalaya.

**(4) Dasgupta, Shri D. K. :**

Petrology and geochemistry of the Mundwara magmatic suite, Sirohi, Rajasthan.

**(5) Ray, Shri Anis K. :**

Palaeontology and stratigraphy of the Paleogene sediments of Western Kutch.

**(6) Bhattacharya, Dr. C. :**

Petrogenetic evolution of Chhotanagpur granite-gneiss.

ভূতত্ত্ব বিভাগের অন্যান্য উল্লেখযোগ্য সংবাদ হ'ল দুইজন ছাত্র ডঃ এ কে সাহার অধীনে, একজন ডঃ পি কে গঙ্গোপাধ্যায়ের অধীনে এবং অপর একজন ডঃ এম কে বসুর অধীনে গবেষণাকর্ম সমাপ্ত ক'রে কলকাতা বিশ্ববিদ্যালয়ে জমা দিয়েছেন। Geological Survey of India -র উদ্যোগে আগস্ট (১৯৮২) মাসে বাঙ্গালোরে Mettalogeny in the Precambrian সম্পর্কে যে Symposium হয়েছিল তার উদ্বোধন-সভায় সভাপতিত্ব করেন বিভাগীয় প্রধান ডঃ এ কে সাহা। নভেম্বর (১৯৮২) মাসে কলকাতায় Indian Statistical Institute এ "Frontiers of Stratigraphical and Paleontological Research" সম্পর্কে যে সেমিনার

অনুষ্ঠিত হয়, ডঃ সাহা তাতেও সভাপতিত্ব করেন। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন "Mathematical Geology" পত্রিকার Editorial Board -এ তিনি সভ্য রয়েছেন এবং Centre for Study of Man and Envioronment -এরও অবৈতনিক সম্পাদক পদে নিযুক্ত রয়েছেন।

কলকাতার Geological Survey of India কর্তৃক আয়োজিত "Daling Group in Eastern Himalayas সম্পর্কিত এক সেমিনারে সভাপতিত্ব করেন ডঃ পি কে গঙ্গোপাধ্যায়। ডঃ এম কে বসু ১৯৮২ সনের নভেম্বরে লন্ডনের Leichester University এবং Oxford University-র ভূতত্ত্ব বিভাগ পরিদর্শন করেন। এই পরিদর্শনকালে Geological Society of London কর্তৃক আয়োজিত "Ophiolites and Oceanic Littosphere নামক Symposium -এ অংশগ্রহণ করেন। গত অগাস্ট (১৯৮২) মাসে হায়দ্রাবাদে Geological Society of India কর্তৃক আয়োজিত "Eastern Ghat Precambrian Belt" নামে সেমিনারেও তিনি অংশগ্রহণ করেন।

ডঃ প্রদীপকুমার দাশগুপ্ত ১৯৮২ সনের আগস্ট মাসে কানাডার হ্যামিলটনে অনুষ্ঠিত International Sedimentological Congress -এ যোগদান ক'রে হিমালয় সম্পর্কে তাঁর গবেষণাপত্র পাঠ করেন। তাঁর এই ভ্রমণসূচীর আর্থিক দায়িত্ব যৌথভাবে বহন করেন পশ্চিমবঙ্গ সরকার এবং Indian National Science Academy. এ ছাড়া Deronian Stratigraphy of International Union of Geological Sciences -এর জনৈক Correspondent member (of the Sub-commission) হিসাবেও তিনি তাঁর কাজ ক'রে যাচ্ছেন।

গভীর দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, ১৯৩২ থেকে ১৯৫৮ পর্যন্ত এই কলেজের ভূতত্ত্ব বিভাগের প্রধান অধ্যাপক ডঃ মনোমোহন চট্টোপাধ্যায় গত ৩রা সেপ্টেম্বর ১৯৮২ তারিখে ৮০ বৎসর বয়সে পরলোকগমন করেছেন।

**ইতিহাস বিভাগ:** ১৯৮২ সালের শিক্ষাবর্ষে এই কলেজের ইতিহাস বিভাগ প্রয়াত ঐতিহাসিক অধ্যাপক সুশোভন সরকারের উদ্দেশে শ্রদ্ধা নিবেদন করার জন্য সেমিনার-কক্ষে একটি শোকসভার আয়োজন করেছিল। বর্তমানে অধ্যাপনারত তাঁর গুণমুগ্ধ ছাত্রেরা এই মহান ঐতিহাসিকের স্মৃতিচারণ করেছিলেন। কিছুদিন পর অধ্যাপক সরকারের স্মরণে এই বিভাগের পরিচালনায় একটি আলোচনা-সভা আয়োজিত হয়। আলোচনার বিষয়বস্তু ছিল "Bengal Renaissance" এবং এই আলোচনা-চক্র দু'দিনব্যাপী চলেছিল। প্রথম দিনের আলোচনা-সভা অনুষ্ঠিত হয়েছিল অধ্যাপক প্রতাপচন্দ্র চন্দ্রের সভাপতিত্বে। বক্তারা হলেন অধ্যাপক দিলীপ বিশ্বাস, অধ্যাপক অশোক সেন ও অধ্যাপক গৌতম চট্টোপাধ্যায়। বক্তারা "রেনেসাঁসের" অর্থনৈতিক ও সামাজিক পটভূমিকা বিশ্লেষণ করেন। দ্বিতীয় দিনের আলোচনা-সভায় সভাপতির আসন গ্রহণ করেছিলেন অধ্যাপক ভবতোষ দত্ত এবং বক্তারা ছিলেন অধ্যাপক অশীন দাশগুপ্ত ও অধ্যাপক বরুণ দে। বক্তারা রেনেসাঁসের প্রকৃত ব্যাখ্যা করেন। ইতিহাস বিভাগের ছাত্রছাত্রী ও অধ্যাপকেরাও এই দু'দিনের আলোচনায় অংশগ্রহণ করেন।

পূজাবকাশে এই বিভাগের ছাত্রছাত্রীরা শিক্ষামূলক ভ্রমণে গিয়েছিল মধ্যপ্রদেশে। তারা যেসব স্থান পরিদর্শন করেছিল, সেগুলি হ'ল জব্বলপুর, ভূপাল, সাঁচি, উদয়গিরি, ভেটকা,

ধর ও মান্ডু। ছাত্রছাত্রীদের সঙ্গে গিয়েছিলেন এই বিভাগের অধ্যাপক অজয় বন্দোপাধ্যায় ও ইংরেজী বিভাগের অধ্যাপিকা কাজল সেনগুপ্তা।

এই বিভাগের অধ্যাপকদের মধ্যে অনেকেই গবেষণা করছেন। বিভাগীয় প্রধান অধ্যাপক রজত রায় কয়েকজন গবেষকের গবেষণাকার্য পরিচালনা করেছেন। অধ্যাপক রায়ের "Industrialization in India" নামক গ্রন্থটির সম্ভাব্য সংস্করণ প্রকাশিত হয়েছে। অধ্যাপক লাডলীমোহন রায়চৌধুরীর বেশ কয়েকটি প্রবন্ধ "আনন্দবাজার", "যুগান্তর", "দেশ" ও "পরিবর্তন" পত্রিকাতে প্রকাশিত হয়েছে, আরও কয়েকটি লেখা প্রকাশ পাবে। অধ্যাপক সুকুমার বন্দ্যোপাধ্যায় সম্প্রতি বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ইতিহাস বিভাগের সেমিনারে তাঁর গবেষণামূলক একটি প্রবন্ধ পাঠ করেছেন। "বসিরহাট মহকুমার গেজেটিয়ার" শীর্ষক তাঁর একটি দীর্ঘ প্রবন্ধ একটি গ্রন্থে শীঘ্রই প্রকাশিত হচ্ছে। অধ্যাপিকা আরতি গুহ কয়েকটি ইতিহাস গ্রন্থের মূল্যায়ন করেছেন বিভিন্ন ঐতিহাসিক সাময়িকপত্রে।

রসায়ন বিভাগের ডঃ সরোজকুমার সান্যাল ও শ্রীইন্দুভূষণ রায়ের পরিচালনায় বিভিন্ন শ্রেণীর ১৯ জন ছাত্রছাত্রী শিক্ষামূলক ভ্রমনে দিল্লী, আমেদাবাদ এবং রাজস্থানের বিভিন্ন এলাকা নভেম্বর মাসের শেষার্দ্ধে দেখে আসেন।

বর্তমানে কলেজে বিভিন্ন অধ্যাপকের অধীনে দুজন টীচার-ফেলো সহ মোট ১০ জন ছাত্র ছাত্রী পূর্ণসময়ের জন্য এবং মোট তিন জন ছাত্রছাত্রী আংশিক সময়ের জন্য গবেষণায় নিযুক্ত আছেন। তিনজন পি-এইচ ডি উপাধির জন্য গবেষণাপত্র (থিসীস) দাখিল করেছেন। একজন পি-এইচ ডি উপাধি লাভ করেছেন। (অধ্যাপক এবং গবেষকদের প্রকাশিত প্রবন্ধ ও পুস্তকাদির তালিকা আলাদা কাগজে দেওয়া হ'ল।)

এই কলেজের প্রাক্তন অধ্যাপক ডঃ শিবনারায়ণ চক্রবর্তী বারাসত সরকারী কলেজে কর্মরত অবস্থায় অকস্মাৎ পরলোকগমন করেছেন।

এই বিভাগের প্রাক্তন প্রধান ডঃ প্রতুলচন্দ্র রক্ষিত কৃতী শিক্ষক হিসাবে কলকাতা বিশ্ববিদ্যালয় প্রদত্ত বিশেষ পুরস্কার লাভ করেছেন। প্রাক্তন বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ সুবীরচন্দ্র সোমের ব্যবস্থাপনায় এই বিভাগে ২৭এ ডিসেম্বর ১৯৮২ থেকে ৩০এ ডিসেম্বর ১৯৮২ পর্যন্ত বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, কলকাতা বিশ্ববিদ্যালয় এবং ডিপার্টমেন্ট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির অনুদানে বৈশ্লেষিক রসায়নের উপর একটি জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হতে চলেছে।

**গ্রন্থাগার**

১৯৮২র ১৮ই আগস্ট পর্যন্ত গৃহীত হিসাব অনুযায়ী গ্রন্থাগারের গ্রন্থসংখ্যা দাঁড়িয়েছে ১,৩৫,১৯১ খানি। ১৯৮১-৮২ সালে কেনা বই ও পত্রিকার সংখ্যা যথাক্রমে ১,৯১১ ও ১২৪ খানি। আলোচ্য বর্ষে ১১৫ খানি বই উপহার পাওয়া গেছে।

১৯৮১-৮২ সালে মোট ব্যবহৃত বই-এর সংখ্যা ১,১৮,২৭০। এর মধ্যে বাড়িতে ব্যবহারের জন্য দেওয়া হয়েছে ৪১,৫৮৬ এবং বিভিন্ন সেমিনারে ব্যবহৃত বই-এর সংখ্যা ৩,০৯১।

আর্টস গ্রন্থাগারের স্থানাভাব অনেক পুরনো সমস্যা। সেই সমস্যা সমাধানের জন্য পরিত্যক্ত রসায়ন বিভাগের হল-ঘরে আর্টস গ্রন্থাগারের আংশিক স্থানান্তরের সিদ্ধান্ত নেওয়া হয়। অনেক আগেই ঐ হল-ঘরের কিছুটা জায়গা আর্টস গ্রন্থাগারের জন্য নির্দিষ্ট থাকে। কিছু মেরামতি কাজের পর হল-ঘরটি মূল গ্রন্থাগারের অংশ হিসাবে গ্রহণ করা হয়েছে, কিন্তু হল-ঘরটিকে ব্যবহারযোগ্য করতে হ'লে আলো ও পাখার ব্যবস্থা এবং আরও কিছু মেরামতি কাজ করা প্রয়োজন।

আনন্দের কথা যে, একটি সিঁড়ি-বিশিষ্ট দ্বিতল স্টীল-বুক-র‍্যাক (১৮′ × ২২′ × ২৪′) ঐ হল-ঘরে স্থাপন করা হয়েছে। এ ছাড়া আলোচ্য বর্ষে একটি Xerox ও একটি Microfilm Reader কেনার ফলে বহু পাঠক ও পাঠিকা উপকৃত হবেন।

অর্থনীতি ও রাষ্ট্রনীতি বিভাগীয় গ্রন্থাগার স্থানাভাব সমস্যা আগের মতই রয়েছে। এই গ্রন্থাগারটিরও অবিলম্বে সম্প্রসারণ প্রয়োজন।

বই ও পত্রপত্রিকা সুসংরক্ষিত করার জন্য নিয়মিত ঝাড়পোঁছ করা আবশ্যক। এই কাজের জন্য দুজন "ফরাস" নিয়োগের প্রস্তাব কর্তৃপক্ষের নিকট দীর্ঘদিন ধ'রে করা হচ্ছে।

পাঠকবর্গের সুবিধার্থে গ্রন্থাগার অধিকতর সময় খুলে রাখার একটি প্রস্তাবও দীর্ঘদিন আগে কর্তৃপক্ষের নিকট রাখা হয়েছিল এবং পরবর্তী কালে বিভিন্ন পত্রে বিষয়টি কর্তৃপক্ষের গোচরে আনা হয়। ফলাফল এখনও জানা যায় নি।

**ক্রীড়া বিভাগ: বাৎসরিক প্রতিবেদন. ১৯৮১-৮২**

এই বিভাগের পরিচালনায় বর্ষাকালীন আন্তঃবর্ষ ফুটবল প্রতিযোগিতায় গতবারের ন্যায় এবারও কেমিস্ট্রি বিভাগ বিজয়ীর সম্মান লাভ করেছে। ক্রিকেটে আমাদের কলেজ মৌলানা আজাদ কলেজ ও শিবপুর বি ই কলেজের সঙ্গে ভ্রাতৃত্বমূলক প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল।

অন্যান্য বারের ন্যায় ১৯৮১-৮২ সালে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা নির্দিষ্ট সময়েই উৎসাহ-উদ্দীপনার সঙ্গে সম্পন্ন হয়েছে। কলেজের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে প্রাক্তন ছাত্রদের সঙ্গে বর্তমান ছাত্রদের ক্রিকেট প্রতিযোগিতা অত্যন্ত উৎসাহের সঙ্গে সম্পন্ন হয়। প্রাক্তন ছাত্রদের প্রস্তাব অনুযায়ী এই উপলক্ষে একটি ফুটবল প্রতিযোগিতা করা যায় কিনা তা বিবেচনা করা হচ্ছে।

